

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- প্রথম
বিষয়- গণিত

সরল

১। $৫+৬+৮$ ---এটি কী অঙ্ক?

উ:-যোগ অঙ্ক।

২। $৬-৫$ ---এটি কী অঙ্ক?

উ:-বিয়োগ অঙ্ক।

৩। $৫+৬-৮-৩+৭$ ---এখানে কোন কোন চিহ্নের কাজ আছে?

উ:-যোগ ও বিয়োগ।

৪। $৫+৬-৮-৩+৭$ ---এখানে কতগুলি প্রক্রিয়ার কাজ আছে?

উ:-একাধিক প্রক্রিয়ার কাজ আছে।

৫। $৫+৬-৮-৩+৭$

i) উপরের অঙ্কটিতে যোগের দলের সংখ্যা কোনগুলি? কেন?

উ:- $৬,৭$ ---যোগের দলের সংখ্যা, কারণ এদের বাঁদিকে যোগ চিহ্ন আছে।

ii) বিয়োগের দলের সংখ্যা কোনগুলি? কেন?

উ:- $৮,৩$ ---বিয়োগের দলের সংখ্যা, কারণ এদের বাঁদিকে বিয়োগ চিহ্ন আছে।

iii) ৫ -এর আগে কোন চিহ্ন নেই, এর আগে কোন চিহ্ন হবে?

উ:-যোগ চিহ্ন হবে।

iv) এটি কী অঙ্ক?

উ:-সরল অঙ্ক।

৬। একাধিক প্রক্রিয়াযুক্ত একটি সমস্যার অঙ্ককে অঙ্কের ভাষায় প্রকাশ করাকে সরল বলে।

৭।তোমার কাছে ৫টি লজেন্স আছে। তা থেকে ভাইকে ২টি দিলে, বোনকে ১টি দিলে, মা তোমাকে আর ও ৪টি লজেন্স দিলেন। তোমার কাছে আর কটি লজেন্স থাকবে?

i)এটি কী অঙ্ক?

উ:-সরল অঙ্ক।

ii)অঙ্কটি চিহ্নসহ সাজাও।

উ:- $5-2-1+8=?$

iii)একটি সমস্যার অঙ্ককে সংখ্যা ও চিহ্ন দিয়ে সাজানোকে বলে অঙ্কের ভাষা।

৮। $5-2-1+8$ ---অঙ্কটি কষ।

$$5-2-1+8$$

$$=5+8-2-1$$

$$=(5+8)-(2+1)$$

$$=৯-৩$$

$$=৬$$

উ:-নির্ণীত সরলমান ৬।

[বি:দ্র:-নির্দেশাবলি-

i)যোগের দলের সংখ্যা ও বিয়োগের দলের সংখ্যা আলাদা করব।

ii)যোগের দলের সংখ্যাগুলি একটি বন্ধনীর মধ্যে যোগ চিহ্ন দিয়ে বসিয়ে যোগ করব।বিয়োগের দলের সংখ্যাগুলি ও একটি বন্ধনীর মধ্যে যোগ চিহ্ন দিয়ে বসিয়ে যোগ করব।(কারণ বিয়োগের দলের সংখ্যাগুলির ও সমষ্টি নির্ণয় করতে হবে)।

iii)দুটি দলের মাঝখানে বিয়োগ চিহ্ন দেব, কারণ বিয়োগের দলের সংখ্যাগুলি আলাদা করে বোঝানোর জন্য।

iv) যোগের দলের সংখ্যাগুলির সমষ্টি থেকে বিয়োগের দলের সংখ্যাগুলির সমষ্টিকে বিয়োগ করতে হবে।]

৯। সরল কথার অর্থ সহজ।

১০। (=) -- এই চিহ্নটির অর্থ সমমান।

১১। $৫+৪+৭+২$ --- অঙ্কটিকে কি সরল অঙ্ক বলবে? কেন?

উ: - অঙ্কটি সরল অঙ্ক নয়, কারণ এখানে একাধিক প্রক্রিয়ার কাজ নেই।

১২। i) $৬+৩+৯+২$

ii) $৮-৭+৪-৩+৫$

উপরে অঙ্ক দুটির মধ্যে কোন্ টি সরল অঙ্ক? কেন?

উ: - ii) $৮-৭+৪-৩+৫$ - এই অঙ্কটি সরল অঙ্ক, কারণ এখানে একাধিক প্রক্রিয়ার কাজ আছে।

১৩। $২৫+১০-৫-৪+১২$

যোগের দলের সংখ্যা ও বিয়োগের দলের সংখ্যা আলাদা কর। (নিজে করো)

১৪। সরল করো: -

$$৪৬+৪৭-১৫-১৬+১৭$$

$$= ৪৬+৪৭+১৭-১৫-১৬$$

$$= (৪৬+৪৭+১৭) - (১৫+১৬)$$

$$= ১১০ - ৩১$$

$$= ৭৯$$

উ: - নির্ণীত সরলমান ৭৯।

১৫।নিজে কর বই-এর সাধারণ সরল বাড়িতে অভ্যাস করবে ।

১৬।১০পর্যন্ত নামতা মুখস্থ করবে ।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।